

## 💵 বিদ'আত ও এর মন্দ প্রভাব

বিভাগ/অধ্যায়ঃ চাশতের সালাতে নির্দিষ্ট আয়াত পাঠ করা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ

প্রশ্ন: আমি চাশতের সালাতে নিম্ন দু'টি শুকরিয়া আদায়ের আয়াত পড়তে অভ্যস্ত হয়ে গিয়েছি,

﴿ رَبِّ أُوا زِعانِيٓ أَن اللَّهُ اللَّهُ مَلَكُرُ نِعا مَتَكَ ٱلَّتِيٓ أَنا عَمالَتَ عَلَيَّ وَعَلَىٰ وَٰلِدَيَّ وَأَن الْعَامَلَ صَلِّحًا تَراضَنهُ وَأَدا خِلاانِي برَدامَتِكَ فِي عِبَادكَ ٱلصِّلْحِينَ ١٩ ﴾ [النمل: ١٩]

এবং

﴿ وَوَصَيْآنَا ٱلآَاإِنسَٰنَ بِوَٰلِدَيْهِ إِحاسَٰنَا ؟ حَمَلَتَاهُ أُمُّهُ ؟ كُراهَا وَوَضَعَتَاهُ كُراهَا ؟ وَحَمالُهُ؟ وَفِصَلُهُ؟ ثَلْتُونَ شَهارًا ؟ حَتَّى ٓ إِذَا بَلَغَ أَشُدَّهُ ؟ وَبَلَغَ أَرااَبِعِينَ سَنَةٌ قَالَ رَبِّ أُوااَزِعانِيٓ أَن ا أَشاكُرَ نِعامَتَكَ ٱلَّتِيٓ أَن الْعَمات شَهارًا ؟ عَلَى وَلَذيّ وَأَن ا أَشَاكُرُ نِعامَتَكَ ٱلَّتِيٓ أَن الْعَمات عَلَيَّ وَعَلَىٰ وَلِدَيَّ وَأُن ا أَعامَلَ صَلِحًا تَراضَنهُ وَأَصالِح اللِّي فِي ذُرِيَّتِيٓ ؟ إِنِي تُباتِتُ إِلَياكَ وَإِنِي مِنَ عَلَى وَعَلَىٰ وَلِدَيَّ وَأُن الاحقاف: ١٥]

এতে কি আমি বিদ'আতী হয়ে গিয়েছি? নাকি আমার ইচ্ছানুযায়ী যে কোনো আয়াত পড়তে পারব?

উত্তর: যতক্ষণ পর্যন্ত আপনি এ ধারণা না করবেন যে, তা পড়া বিশেষ সুন্নাত, ততক্ষণ পর্যন্ত আপনি ইচ্ছানুযায়ী পড়তে পারবেন, কোনো অসুবিধা নেই। কারণ বিশেষ সুন্নাতের কোনো ভিত্তি নেই কিন্তু যেহেতু আল্লাহ বলেছেন: তোমার যা সহজ হয় তাই পড়। [সূরা মুজ্জাম্মেল ২০]। কাজেই আপনার পক্ষে যা সহজ হয় তা যদি পড়েন তবে কোনো অসুবিধা নেই। কিন্তু যদি এ বিশেষ দু'টি আয়াত সুন্নাত হিসাবে পড়ে থাকেন তাহলে এর কোনো ভিত্তি নেই। কারণ শরীয়তে বিদ'আতের কোনো স্থান নেই এবং বিনা প্রমাণে কেউ বলবে না যে, তা সুন্নাত এবং তা বিদ'আত। কেননা নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«من عمل عملا ليس عليه أمرنا فهورد»

"যে ব্যক্তি এমন কোনো আমল করবে যা আমার শরীয়ত সমর্থিত নয় তা প্রত্যাখ্যাত।"[1] আপনি যদি মনে করেন যে, এ দু'টি আয়াত অত্যন্ত মহৎ এবং তা পড়তে ভালোবাসেন কিন্তু আপনার এ বিশ্বাস নেই যে তা পড়া বিশেষ সুন্নাত, তাহলে আপনি তা পড়তে পারেন, কোনো অসুবিধা নেই।

>

## ফুটনোট

[1] বুখারী হাদীস নং ২৬৯৭ ও মুসলিম হাদীস নং ১৭১৮।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=11044

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন